

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮৮

আগরতলা, ২২ মে, ২০২৪

স্টেট মিউজিয়ামে আন্তর্জাতিক মিউজিয়াম ডে উপলক্ষে সেমিনার
মিউজিয়াম ছাত্রছাত্রীদের সমৃদ্ধ সাংস্কৃতিক
ঐতিহ্য সম্পর্কে অবহিত করে : রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ বিকেলে উজ্জয়ন্ত প্যালেসস্থিত স্টেট মিউজিয়ামে আন্তর্জাতিক মিউজিয়াম ডে উপলক্ষে এক সেমিনারের উদ্বোধন করেন। সেমিনারের উদ্বোধন করে রাজ্যপাল মিউজিয়ামের গুরুত্ব ও প্রভাব নিয়ে আলোচনা করেন। উন্নত প্রযুক্তির যুগে রাজ্যের স্টেট মিউজিয়ামকে আরও আধুনিক করে গড়ে তোলার উপর রাজ্যপাল গুরুত্ব আরোপ করে বলেন, ছাত্রছাত্রীরা এই মিউজিয়ামে উত্তর পূর্বাঞ্চল সহ ত্রিপুরার সমৃদ্ধশালী সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে আরও বেশি করে অবহিত হতে পারবে।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু এদিন উজ্জয়ন্ত প্যালেসস্থিত স্টেট মিউজিয়ামের বিভিন্ন গ্যালারি পরিদর্শন করেন। পরিদর্শনের সময় ত্রিপুরা স্টেট মিউজিয়ামের কিউরেটর সম্পা মিত্রা বিভিন্ন গ্যালারি সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। স্টেট মিউজিয়াম পরিদর্শনকালে রাজ্যপালের সঙ্গে উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের সচিব তাপস রায়, অধিকর্তা তপন কুমার দাস প্রমুখ। পরে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু উজ্জয়ন্ত প্যালেসের লাইট অ্যান্ড সাউন্ড শোও উপভোগ করেন।
